শীতের হাওয়ার লাগল নাচন আম্‌লকির এই ডালে ডালে ।
পাতাগুলি শির্‌শিরিয়ে ঝরিয়ে দিল তালে তালে ॥
উড়িয়ে দেবার মাতন এসে   কাঙাল তারে করল শেষে,
তখন তাহার ফলের বাহার রইল না আর অন্তরালে ॥
শূন্য করে ভরে দেওয়া যাহার খেলা
তারি লাগি রইনু বসে সকল বেলা ।
শীতের পরশ থেকে থেকে   যায় বুঝি ওই ডেকে ডেকে,
সব খোওয়াবার সময় আমার হবে কখন কোন্‌ সকালে ॥

---

Parjaay: Prakriti / Sheet, Taal: Dadra, Style: Behag-Khambaj-Baul

Visit www.geetabitan.com for notation and other detail